

রিটার্নিং অফিসারের কার্যালয়
ও
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

মনোহরপুর ইউনিয়নের ০৮নং সাধারণ ওয়ার্ড সদস্য শূন্য ঘোষিত পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচীর গণবিজ্ঞপ্তি


যেহেতু, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৭ জানুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২০-১৫ নং পত্রের নির্দেশনা ও জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ কর্তৃক গত ১৮ জানুয়ারি, ২০২০ তারিখে ১৭.০৫.৪৪০০.০০০.৪১.০০৫.২০-১৫ নং প্রজ্ঞাপন মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫(১) এর বিধান অনুযায়ী ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার মনোহরপুর ইউনিয়নের ০৮নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য নিম্নস্বাক্ষরকারীকে রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ প্রদান করিয়াছেন।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে আমি জুয়েল আহমেদ, উপজেলা নির্বাচন অফিসার এবং রিটার্নিং অফিসার, মনোহরপুর ইউনিয়ন ৮নং সাধারণ ওয়ার্ড উপ-নির্বাচন-২০২০;

এতদ্বারা সংশ্লিষ্ট এলাকার সর্বসাধারণের অবগতির জন্য ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার মনোহরপুর ইউনিয়নের ৫নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচনে নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখঃ	০৩/০২/২০২১ খ্রিষ্টাব্দ/ ২০ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ, (বুধবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ	০৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ/ ২১ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ, (বৃহস্পতিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখঃ	১১/০২/২০২১ খ্রিষ্টাব্দ/ ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ, (বৃহস্পতিবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখঃ	২৫/০২/২০২১ খ্রিষ্টাব্দ/ ১২ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ, (বৃহস্পতিবার)

আমি আরও জানাইতেছি যে, ১৯/০১/২০২১ ইং তারিখ (মঙ্গলবার) হইতে ০৩/০২/২০২১ ইং তারিখ (বুধবার) পর্যন্ত ছুটি দিনসহ সকাল ৯.০০ টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত মনোহরপুর ইউনিয়নের ৮নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপ-নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।



(জুয়েল আহমেদ)

রিটার্নিং অফিসার

মনোহরপুর ইউপি ৮নং ওয়ার্ড সদস্য উপ-নির্বাচন/২১

ও

উপজেলা নির্বাচন অফিসার


শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-১৭.০৫.৪৪৮০.০০০.৪১.০০১.১৮-১৬

তারিখঃ ১৯/০১/২০২১ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৫। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৯। জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ।
- ১০। অফিসার ইন চার্জ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১২। চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। (গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১৩। নোটিশ বোর্ড।



(জুয়েল আহমেদ)

রিটার্নিং অফিসার

মনোহরপুর ইউপি ৮নং ওয়ার্ড সদস্য উপ-নির্বাচন/২১

ও

উপজেলা নির্বাচন অফিসার

শৈলকুপা, ঝিনাইদহ